

বরিশাল বিভাগে বন্ধ হয়ে গেছে ২৫টি কলেজ

বরিশাল সূত্রো

দীর্ঘদিন ধরে নিবন্ধন ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ না করার বরিশাল বিভাগে বন্ধ হয়ে গেছে ২৫টি কলেজ। 'দু' একটি কলেজের নাইকোবোর্ড দেখা গেলেও এর কোন কার্যক্রমের অস্তিত্ব নেই। বরিশাল শিক্ষাবোর্ড সূত্রে পাওয়া তথ্যে জানা গেছে বরিশাল শিক্ষাবোর্ডের অধীনে ২৯৬টি কলেজ রয়েছে। যার মধ্যে ২৬০টি কলেজ নিবন্ধন করেছিল। আর এ বছর এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ২৫৬টি কলেজ। এ অর্থহীন ২৫টি কলেজে বন্ধ হয়ে গেছে। এর মধ্যে রয়েছে বরিশালের কদমতলা ও বরবড় ডে নাইট কলেজ, কালকটির মৈয়দা ওয়ারেজ আলী কলেজ, নিছকাঠি হায়ার সেকেন্ডারি স্কুল অ্যান্ড কলেজ, আফসু আজিজ কলেজ, শিরোজপুরের ওয়েস্ট মোহাম্মদা মহীদ, স্মৃতি হায়ার সেকেন্ডারি কলেজ, ককরাবুনিয়া কলেজ, বরবড় ডে মল্লিকা স্কুল অ্যান্ড কলেজ, পটুয়াখালীর কেবিএন ফকির সোনাখালী কলেজ, কনকদিয়া হায়ার সিনিয়র স্কুল অ্যান্ড কলেজ, বরগনার ড. বেং শাহিদুল ইসলাম কলেজ, ওইসপাখালী মহিলা কলেজ, হাদমা ইউনিয়ন কলেজ, কেওরাবুনিয়া হায়ার সেকেন্ডারি স্কুল অ্যান্ড কলেজ, ডেলার মৌসুমতান মহিলা কলেজ ও সুরনধী চৌধুরী কলেজ। এ ছাড়া প্রতি বছর নিবন্ধন করার পরও পরীক্ষায় অংশগ্রহণ না করার ৮টি কলেজ বন্ধের প্রক্রিয়া চলছে। যার মধ্যে রয়েছে বরিশাল জুনিয়র হারহুড স্কুল অ্যান্ড কলেজ, কালকটির পশ্চিম চিপকি স্কুল অ্যান্ড কলেজ, পটুয়াখালীর বানিয়াকটি মহিলা কলেজ, পটুয়াখালী আদর্শ মহিলা কলেজ, কদমা মহিলা কলেজ, শিরোজপুরের দেতারা স্মৃতি সেকেন্ডারি স্কুল অ্যান্ড কলেজ ও দাগলা আদর্শ কলেজ। বরিশাল শিক্ষাবোর্ডের

কলেজ পরিদর্শক (চদতি দাফিত) আবুল কাশিম তালুকদার জানান, যে প্রতিষ্ঠানগুলো বন্ধ হয়েছে সেগুলো এমপিওভুক্ত বা স্বীকৃতিপ্রাপ্ত নয়। প্রাথমিক পর্যায়ে পাঠদানের অনুমতি দিয়ে পরে তা বন্ধ হয়ে যায়। শিকোবোর্ড, চেয়ারম্যান ড. বিদ্যন কৃষ্ণ মল্লিকের জানান, যে কলেজগুলোতে শিক্ষার্থী নেই তারা এমনিতেই কার্যক্রম বন্ধ করে দেয়। তা ছাড়া যেনব কলেজ নিবন্ধন এবং পরীক্ষায় অংশগ্রহণ করে না তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।